

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ী, ঢাকা-১২১৫।
www.dae.gov.bd

স্মারক নং-১২.০১.০০০০.০২৮.২১.০০১.১৫/ ৪২৬৩ (৪৫)

তারিখঃ ২৪/৪/১৯

বিষয়ঃ- বার্ষিক গোপনীয় অনুবেদন যথাসময়ে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ না করা প্রসঙ্গে।

সূত্রঃ- কৃষি মন্ত্রণালয় এসিআর শাখার স্মারক নং-১২.০১৭.০২১.১৫.০০.০০১.২০১৩/৮৮, তাং-১৫/০১/২০১৯খ্রিঃ

উপরোক্ত বিষয়ের আলোকে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে কর্মরত বিসিএস (কৃষি) ক্যাডার/নন ক্যাডার কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় অনুবেদন দাখিল, অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষরসহ ডোসিয়ার সংরক্ষনকারী কর্তৃপক্ষের দপ্তরে পৌছানো জন্য বিলম্বিত সময়সীমা ০১ (এক) বছরের পরিবর্তে ০৩ (তিন) মাস নির্ধারণ করা হয়েছে। সূত্রীয় পরিপত্র অনুযায়ী পূর্ববর্তী বছরের বার্ষিক গোপনীয় অনুবেদন দাখিলের সময়সীমা -

বিষয়	নির্ধারিত সময়	বিলম্বিত সময়
অনুবেদনাধীন কর্মকর্তার এসিআর দাখিল	৩১ জানুয়ারী	৩১ মার্চ
অনুবেদনকারী কর্মকর্তার অনুস্বাক্ষর	২৮/২৯ ফেব্রুয়ারী	৩০ এপ্রিল
প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার প্রতিস্বাক্ষর	৩১ মার্চ	৩১ মে

উক্তসময়ের মধ্যে সকল কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় অনুবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের নির্দেশনা রয়েছে।

এমতাবস্থায় নির্ধারিত সময়সীমার মধ্যে ২০১৮খ্রিঃ বার্ষিক গোপনীয় অনুবেদন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো। ব্যর্থতায় সংশ্লিষ্ট কর্মকর্তা এ বিষয়ে দায়ী হিসাবে গন্য হবেন।

মোঃ মোয়াজ্জেম হোসেন
উপ-পরিচালক
(পার্সোনেল)
পক্ষেঃ মহাপরিচালক
ফোন-০২-৮১১২১১৭৮

বিতরণ : সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর খামারবাড়ী, ঢাকা। আপনার অধিনস্থ সকল কর্মকর্তাগণকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
- ২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, অঞ্চল.....। আপনার অধিনস্থ সকল কর্মকর্তাগণকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
- ৩। উপপরিচালক (আইসিটি), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, (পত্রটি ডিএই'র ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। প্রকল্প পরিচালক/কর্মসূচি পরিচালক/প্রকল্প সমন্বয়কারি পরিচালক..... কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা। আপনার অধিনস্থ সকল কর্মকর্তাগণকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
- ৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।

সদয় জ্ঞাতার্থেঃ

- ১। যুগ্মসচিব, সম্প্রসারণ-১, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা